সংবাদ

২০২

তারিখ ১০/২/৮২
পৃঃ ............ কলাম ............

080

# ফিল্ম সেন্সর বোর্ড পুনর্গঠিত

তথ্য ও বেতার মন্ত্রণালয়ের সচিব জনাব খোরশেদ আলমকে চেয়ারম্যান করে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডকে ১৯৮২ সালের জন্য পুনর্গঠিত করা হয়েছে। বোর্ডের অন্যান্য সদস্য হচ্ছেন, তথ্য ও বেতার মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (চলচ্চিত্র) জনাব নুরুদ্দিন আহমেদ আল মাসুদ, এফডিসি'র ম্যানেজিং ডিরেক্টর, তথ্য মন্ত্রণালয়ের ক্রীড়া ডিভিশনের একজন প্রতিনিধি (কমপক্ষে উপ-সচিবের মর্যাদার) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিবের মর্যাদার নীচে নয়) পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার বিভাগের মহাপরিচালক, শিশু একাডেমীর পরিচালিকা জোবেদা খানম, জনাব এ, কে, এম জাকারিয়া, শিল্পী জনাব কামরুল হাসান, বাংলাদেশ অবজারভারের সম্পাদক জনাব ওবায়দুল হক, বিএফইউজে'র সভাপতি জনাব ফিরোজ নুন, মিসেস নাদেরা কিবরিয়া, মিসেস মাসুদা হোসেন, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক সমিতির সভাপতি, মিসেস জেবুন্নেসা হোসেন, ঢাকা পৌর কর্পোরেশনের একজন কমিশনার, চিত্রালীর সম্পাদক জনাব আহমেদ জামান চৌধুরী, মিসেস সেলিমা রহমান ও বেগম শামসুন্নাহার আহসানউল্লা। খবর তথ্যবিবরণীর।